

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৮০

কাঞ্চনপুর, ২২ নভেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০
পশ্চিম ভান্ডারিমা এডিসি ভিলেজে বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে গতকাল দশদা ব্লকের পশ্চিম ভান্ডারিমা এডিসি ভিলেজে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন দশদা বিএসির চেয়ারম্যান উদাররাম রিয়াং, ভাইস চেয়ারম্যান সঞ্জিত রিয়াং, দশদা ব্লকের বিডিও অমপুইয়া দার্লং, অতিরিক্ত বিডিও প্রশান্ত চক্রবর্তী প্রমুখ। ব্লকের পশ্চিম ভান্ডারিমা ও পূর্ব ভান্ডারিয়া এডিসি ভিলেজকে নিয়ে এই বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে স্বাস্থ্য দপ্তর থেকে ১৪ জন সুবিধাভোগীকে আয়ুর্মান ভারত ই-কার্ড দেওয়া হয়। তাছাড়া শিবিরে মহকুমা প্রশাসন থেকে ২৩টি এসটি, ২০টি পিআরটিসি ও ১৮টি ইনকাম সার্টিফিকেট দেওয়া হয়। স্বাস্থ্য দপ্তর থেকে ৪১ জন রোগীকে চিকিৎসা করে বিনামূল্যে ওষুধ দেওয়া হয়েছে।
